গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রানিসম্পদ তথ্য দপ্তর
বিএফডিসি ভবন
২৩-২৪, কারওয়ান বাজার, ঢাকা
www.flid.gov.bd

স্মারক নম্বর : ৩৩.০৬.০০০০.০০০.০০২.০৬.০০০২.২৫- ২০৭১

তারিখ : ২৬ অগ্রহায়ণ ১৪৩২ / ১১ ডিসেম্বর ২০২৫

বিষয় : মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | উম্মে হাবিবা, উপপরিচালক, মৎস্য ও প্রানিসম্পদ তথ্য দপ্তর, কারওয়ান বাজার, ঢাকা |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রানিসম্পদ তথ্য দপ্তর, কারওয়ান বাজার, ঢাকা |
| তারিখ | : | ০৪-১২-২০২৫ খ্রি. |
| সময় | : | সকাল ৯.০০ ঘটিকা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি শুরুতেই উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি মাসিক সমন্বয় সভার কার্যক্রম ও আলোচ্যসূচি অনুযায়ী এ দপ্তরের অফিসসমূহ ঢাকা, রাজশাহী, বরিশাল ও কুমিল্লা এর সকল সমস্যাদি আলোচনা ও পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করার জন্য নির্দেশ প্রদান করেন।

**আঞ্চলিক অফিস, ঢাকা :** জনাব মো. শাহরিয়ার হোসেন, কৃষি তথ্য কেন্দ্র সংগঠক, তাঁদের অফিসের কার্যক্রম যেমন: প্রাণিসম্পদ সপ্তাহ- ২০২৫ উপলক্ষ্যে লিফলেট পোস্টার বিতরণ, অনলাইন ও অফলাইনে প্রচার প্রচারণা কাজ, প্রাণিসম্পদ সপ্তাহ-২০২৫ উপলক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের প্রধান কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীগণের সাথে সড়ক র‍্যালি ও সভায় অংশ গ্রহণ করেন, প্রাণিসম্পদ সপ্তাহ-২০২৫ উপলক্ষ্যে কর্তৃপক্ষের নির্দেশ অনুসারে মেলায় অংশ গ্রহণ করে বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। নিয়মিত ওয়েবসাইট হালনাগাদকরণের তথ্য এবং বিভিন্ন বিল ভাউচার প্রেজেনটেশনের মাধ্যমে প্রদর্শন করা সহ ০৪ টি ভিডিও কন্টেন্ট তৈরি করেন।

**আঞ্চলিক অফিস, রাজশাহী :** জনাব মো. খাদেমুল ইসলাম, কৃষি তথ্য কেন্দ্র সংগঠক, তাঁদের অফিসের কার্যক্রম করেন যেমন: প্রাণিসম্পদ সপ্তাহ-২০২৫ উপলক্ষ্যে কার্যক্রমে অংশগ্রহণ, খামার পরিদর্শন, প্রচার-প্রচারণামূলক লিফলেট, পোস্টার বিতরন অনলাইন ও অফলাইনে প্রচার প্রচারণা কাজ, প্রাণিসম্পদ সপ্তাহ-২০২৫ উপলক্ষ্যে সড়ক র‍্যালি ও সভায় অংশ গ্রহণসহ রাজশাহী বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রাণিসম্পদ সপ্তাহ-২০২৫ এর মেলায় অংশগ্রহণ করেন। নিয়মিত ওয়েবসাইট হালনাগাদকরণের তথ্য এবং বিভিন্ন বিল ভাউচার প্রেজেনটেশনের মাধ্যমে প্রদর্শন করাসহ ০৭ টি ভিডিও কন্টেন্ট তৈরি করেন।

**আঞ্চলিক অফিস, বরিশাল :** জনাব লিমা আক্তার, সহকারী তথ্য কর্মকর্তা, তাঁদের অফিসের কার্যক্রম যেমন: প্রাণিসম্পদ সপ্তাহ- ২০২৫ উপলক্ষ্যে লিফলেট পোস্টার বিতরণ অনলাইন ও অফলাইনে প্রচার প্রচারণা কাজ, প্রাণিসম্পদ সপ্তাহ-২০২৫ উপলক্ষ্যে সড়ক র‍্যালি ও সভায় অংশ গ্রহণ করেন, প্রাণিসম্পদ সপ্তাহ-২০২৫ উপলক্ষ্যে কর্তৃপক্ষের নির্দেশ অনুসারে বরিশাল শহরের প্রাণিসম্পদ সপ্তাহ-২০২৫ এর মেলায় অংশ গ্রহণ করেন এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। নিয়মিত ওয়েবসাইট হালনাগাদকরণের তথ্য এবং বিভিন্ন বিল ভাউচার প্রেজেনটেশনের মাধ্যমে প্রদর্শন করা সহ ০৮ টি ভিডিও কন্টেন্ট তৈরি করেন। প্রাণিসম্পদ সপ্তাহ উপলক্ষ্যে বরিশাল বিভাগের বিভিন্ন জনবহুল স্থানে মাইকিং এর মাধ্যমে প্রচার প্রচারণার কার্যক্রম সম্পন্ন করেন।

**আঞ্চলিক অফিস, কুমিল্লা :** জনাবে এস. এম. ইমতিয়াজ আহম্মেদ, অডিও ভিজ্যুয়াল ইউনিট অপারেটর, তাঁদের অফিসের কার্যক্রম যেমন: প্রাণিসম্পদ সপ্তাহ- ২০২৫ উপলক্ষ্যে লিফলেট, পোস্টার বিতরন অনলাইন ও অফলাইনে প্রচার প্রচারণা কাজ, প্রাণিসম্পদ সপ্তাহ-২০২৫ উপলক্ষ্যে সড়ক র‍্যালি ও সভায় অংশ গ্রহণসহ কুমিল্লার টাউন হল প্রাঙ্গণে প্রাণিসম্পদ সপ্তাহ-২০২৫ এর মেলায় অংশগ্রহণ করেন। নিয়মিত ওয়েবসাইট হালনাগাদকরণের তথ্য এবং বিভিন্ন বিল ভাউচার প্রেজেনটেশনের মাধ্যমে প্রদর্শন করাসহ ০৯ টি ভিডিও কন্টেন্ট তৈরি করেন এবং প্রাণিসম্পদ সপ্তাহ উপলক্ষ্যে কুমিল্লা শহরের বিভিন্ন জনবহুল স্থানে মাইকিং এর মাধ্যমে প্রচার প্রচারণার কার্যক্রম সম্পন্ন করেন।

সভায়, অত্র দপ্তরের তথ্য কর্মকর্তা (প্রানিসম্পদ), ডা. মনিরুজ্জামান তরফদার বলেন, তথ্য দপ্তর অন্যান্য দপ্তরের সাথে সমন্বয় করে মাঠ পর্যায়ের কার্যক্রম বাস্তবায়ন করতে নির্দেশ প্রদান করেন। তথ্য কর্মকর্তা (মৎস্য) জনাব মাহবুবা খানম, আঞ্চলিক অফিসসমূহের কার্যক্রম নিয়ে আলোচনা করে, প্রত্যেক আঞ্চলিক অফিসের কার্যক্রমগুলো নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে নির্দেশ প্রদান করেন।

**সিদ্ধান্ত :**

০১. আমিষ বার্তা এর জন্য সংবাদ প্রেরণের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে। সংবাদগুলো প্রাসঙ্গিক হতে হবে এবং প্রতি কর্ম দিবসে সংবাদ প্রেরণ করতে হবে;

০২. মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের তৈরি নিজস্ব ভিডিও প্রত্যেকে আঞ্চলিক অফিস প্রচার করবে;

০৩. আঞ্চলিক অফিসসমূহ নিউজ পোর্টাল থেকে আপডেট নিউজ প্রদান করা সহ নিয়মিত ভিজিট করতে হবে ;

০৪. নিয়মিত ভিডিও কনটেন্ট তৈরির ক্ষেত্রে একই লোগো আঞ্চলিক অফিস ব্যবহার করতে হবে এবং ভিডিও, সাউন্ড এবং আলো ব্যবস্থাপনার উন্নীতকরণ করতে হবে ;

০৫. আঞ্চলিক অফিস থেকে তৈরিকৃত কনটেন্টের শেষে মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর ও মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কথাটি লিখিত ভাবে উল্লেখ করতে হবে;

০৬. মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের প্রধান কার্যালয়ের ফেসবুক পেইজ এবং ইউটিউবে খামার পরিদর্শনের ভিডিও কনটেন্ট আপলোড করতে হবে;

০৭. যে কোন দিবস উপলক্ষ্যে অভিযানে বা পরিদর্শনে প্রাণিসম্পদ অধিদপ্ত/মৎস্য অধিদপ্তর কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করে কর্মসম্পাদন করতে হবে; এবং

০৮ আঞ্চলিক অফিসসমূহের সকল কর্মকর্তা-কর্মচারীদের অর্জিত ছুটির মঞ্জুরের ক্ষেত্রে আবেদনের সাথে সার্ভিস বুকে উত্তোলীত ছুটির হিসাব বিবরণী সংযুক্ত করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

২৪/১২/২০২৫

উম্মে হাবিবা
উপপরিচালক
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
কারওয়ান বাজার, ঢাকা
ফোন: ৫৫০১২৮০৬
dd@flid.gov.bd

স্মারক নম্বর : ৩৩.০৬.০০০০.০০০.০০২.০৬.০০০২.২৫- ২০৭২(৫)

তারিখ : ২৬ অগ্রহায়ণ ১৪৩২ / ১১ ডিসেম্বর ২০২৫

বিতরণ :

০১। তথ্য কর্মকর্তা (প্রাণিসম্পদ) মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, কারওয়ান বাজার, ঢাকা;
০২। আয়ন-ব্যয়ন কর্মকর্তা, ঢাকা/রাজশাহী/বরিশাল/কুমিল্লা;
০৩। সহকারী তথ্য কর্মকর্তা, আঞ্চলিক অফিস, বরিশাল /কুমিল্লা;
০৪। অডিও ভিজ্যুয়াল ইকুইপমেন্ট মেকানিক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, কারওয়ান বাজার, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য বলা হলো)
০৫। উচ্চমান সহকারী, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, কারওয়ান বাজার, ঢাকা;
০৬। সংশ্লিষ্ট নথি।

১১/১২/২০২৫

উম্মে হাবিবা
উপপরিচালক
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
কারওয়ান বাজার, ঢাকা